prepp

Practice, Learn and Achieve Your Goal with Prepp

# UGC NET Exam

**Bengali**

Simplifying
**Government Exams**

SSC CHSL | IAS EXAM | RRB NTPC | NTSE | CDS
SSC CGL | CBSE UGC NET | IBPS PO | NDA
SBI PO | IBPS CLERK | AFCAT | SSC JE | CTET
CSIR UGC NET | CAPF | IBPS RRB

www.prepp.in

# PAPER-II
# BENGALI

**Signature and Name of Invigilator**

1. (Signature) ____________________________

   (Name) ____________________________

2. (Signature) ____________________________

   (Name) ____________________________

OMR Sheet No. : ...............................................

(To be filled by the Candidate)

Roll No. | | | | | | | | |

(In figures as per admission card)

Roll No.________________________________

(In words)

**D 1 9 1 3**

Time : 1 $^{1}/_{4}$ hours] [Maximum Marks : **100**

Number of Pages in this Booklet : **8** | Number of Questions in this Booklet : **50**

## Instructions for the Candidates

1. Write your roll number in the space provided on the top of this page.
2. This paper consists of fifty multiple-choice type of questions.
3. At the commencement of examination, the question booklet will be given to you. In the first 5 minutes, you are requested to open the booklet and compulsorily examine it as below :
   (i) To have access to the Question Booklet, tear off the paper seal on the edge of this cover page. Do not accept a booklet without sticker-seal and do not accept an open booklet.
   (ii) **Tally the number of pages and number of questions in the booklet with the information printed on the cover page. Faulty booklets due to pages/questions missing or duplicate or not in serial order or any other discrepancy should be got replaced immediately by a correct booklet from the invigilator within the period of 5 minutes. Afterwards, neither the Question Booklet will be replaced nor any extra time will be given.**
   (iii) After this verification is over, the OMR Sheet Number should be entered on this Test Booklet.
4. Each item has four alternative responses marked (A), (B), (C) and (D). You have to darken the circle as indicated below on the correct response against each item.
   **Example :** Ⓐ Ⓑ ● Ⓓ
   where (C) is the correct response.
5. Your responses to the items are to be indicated in the **OMR Sheet given inside the Paper I Booklet only.** If you mark at any place other than in the circle in the OMR Sheet, it will not be evaluated.
6. Read instructions given inside carefully.
7. Rough Work is to be done in the end of this booklet.
8. If you write your Name, Roll Number, Phone Number or put any mark on any part of the OMR Sheet, except for the space allotted for the relevant entries, which may disclose your identity, or use abusive language or employ any other unfair means such as change of response by scratching or using white fluid, you will render yourself liable to disqualification.
9. You have to return the test question booklet and Original OMR Sheet to the invigilators at the end of the examination compulsorily and must not carry it with you outside the Examination Hall. You are, however, allowed to carry duplicate copy of OMR Sheet on conclusion of examination.
10. **Use only Blue/Black Ball point pen.**
11. **Use of any calculator or log table etc., is prohibited.**
12. **There is no negative marks for incorrect answers.**

## परीक्षार्थियों के लिए निर्देश

1. इस पृष्ठ के ऊपर नियत स्थान पर अपना रोल नम्बर लिखिए ।
2. इस प्रश्न-पत्र में पचास बहुविकल्पीय प्रश्न हैं ।
3. परीक्षा प्रारम्भ होने पर, प्रश्न-पुस्तिका आपको दे दी जायेगी । पहले पाँच मिनट आपको प्रश्न-पुस्तिका खोलने तथा उसकी निम्नलिखित जाँच के लिए दिये जायेंगे, जिसकी जाँच आपको अवश्य करनी है :
   (i) प्रश्न-पुस्तिका खोलने के लिए उसके कवर पेज पर लगी कागज की सील को फाड़ लें । खुली हुई या बिना स्टीकर-सील की पुस्तिका स्वीकार न करें ।
   (ii) **कवर पृष्ठ पर छपे निर्देशानुसार प्रश्न-पुस्तिका के पृष्ठ तथा प्रश्नों की संख्या को अच्छी तरह चैक कर लें कि ये पूरे हैं । दोषपूर्ण पुस्तिका जिनमें पृष्ठ/प्रश्न कम हों या दुबारा आ गये हों या सीरियल में न हों अर्थात् किसी भी प्रकार की त्रुटिपूर्ण पुस्तिका स्वीकार न करें तथा उसी समय उसे लौटाकर उसके स्थान पर दूसरी सही प्रश्न-पुस्तिका ले लें । इसके लिए आपको पाँच मिनट दिये जायेंगे । उसके बाद न तो आपकी प्रश्न-पुस्तिका वापस ली जायेगी और न ही आपको अतिरिक्त समय दिया जायेगा ।**
   (iii) इस जाँच के बाद OMR पत्रक की क्रम संख्या इस प्रश्न-पुस्तिका पर अंकित कर दें ।
4. प्रत्येक प्रश्न के लिए चार उत्तर विकल्प (A), (B), (C) तथा (D) दिये गये हैं । आपको सही उत्तर के वृत्त को पेन से भरकर काला करना है जैसा कि नीचे दिखाया गया है ।
   **उदाहरण :** Ⓐ Ⓑ ● Ⓓ
   जबकि (C) सही उत्तर है ।
5. प्रश्नों के उत्तर **केवल प्रश्न पत्र I के अन्दर दिये गये OMR पत्रक पर ही** अंकित करने हैं । यदि आप OMR पत्रक पर दिये गये वृत्त के अलावा किसी अन्य स्थान पर उत्तर चिह्नांकित करते हैं, तो उसका मूल्यांकन नहीं होगा ।
6. अन्दर दिये गये निर्देशों को ध्यानपूर्वक पढ़ें ।
7. कच्चा काम (Rough Work) इस पुस्तिका के अन्तिम पृष्ठ पर करें ।
8. यदि आप OMR पत्रक पर नियत स्थान के अलावा अपना नाम, रोल नम्बर, फोन नम्बर या कोई भी ऐसा चिह्न जिससे आपकी पहचान हो सके, अंकित करते हैं अथवा अभद्र भाषा का प्रयोग करते हैं, या कोई अन्य अनुचित साधन का प्रयोग करते हैं, जैसे कि अंकित किये गये उत्तर को मिटाना या सफेद स्याही से बदलना तो परीक्षा के लिये अयोग्य घोषित किये जा सकते हैं ।
9. आपको परीक्षा समाप्त होने पर प्रश्न-पुस्तिका एवं मूल OMR पत्रक निरीक्षक महोदय को लौटाना आवश्यक है और परीक्षा समाप्ति के बाद उसे अपने साथ परीक्षा भवन से बाहर न लेकर जायें । हालांकि आप परीक्षा समाप्ति पर OMR पत्रक की डुप्लीकेट प्रति अपने साथ ले जा सकते हैं ।
10. **केवल नीले/काले बाल प्वाईंट पेन का ही इस्तेमाल करें ।**
11. **किसी भी प्रकार का संगणक (कैलकुलेटर) या लाग टेबल आदि का प्रयोग वर्जित है ।**
12. **गलत उत्तरों के लिए कोई नकारात्मक अंक नहीं हैं ।**



Latest Sarkari Jobs, Govt Exam Results, Vacancies and updates on one click
Know More

# BENGALI

## বাংলা

## Paper – II

## প্রশ্নপত্র – II

**Note :** This paper contains **fifty (50)** objective type questions, each question carrying **two (02)** marks. Attempt **all** the questions.

**নির্দেশ** : এই প্রশ্নপত্রে **পঞ্চাশ টি (50)** বিকল্প-সমন্বিত প্রশ্ন আছে । প্রতি প্রশ্নের মান **দুই (2)** । সব প্রশ্নের উত্তর দিতে হবে ।

**1.** চর্যাপদের সাধনতত্ত্বে নাভিতে অবস্থিত চক্রের নাম -

(A) নির্মাণচক্র (B) সম্ভোগচক্র
(C) ধর্মচক্র (D) মহাসুখচক্র

**2.** শ্রীকৃষ্ণকীর্তনে প্রাপ্ত সংস্কৃত শ্লোকগুলোর সর্বমোট সংখ্যা -

(A) ১২৯ (B) ১৩৫
(C) ১৩৩ (D) ১৩৭

**3.** ১ম তালিকার সঙ্গে ২য় তালিকার সামঞ্জস্য বিধান করে সংকেত অবলম্বনে সঠিক উত্তর নির্দেশ করুন :

| **১ম তালিকা** | **২য় তালিকা** |
|---|---|
| a. বাদ করি তা সঞে / অহনিশি জলত পরাণ | i. বিপ্রলব্ধা |
| b. অধরহিঁ কাজর তোর / বদন মলিন ভেল মোর | ii. মান |
| c. করইতে মিনতি / শুনই নাহি শুনবি | iii. কলহান্তরিতা |
| d. কানুর লাগিয়া জাগিয়া পোহাইনু | iv. খণ্ডিতা |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (A) | i | iii | ii | iv |
| (B) | ii | iv | iii | i |
| (C) | iii | iv | ii | i |
| (D) | iv | ii | i | iii |

**4.** সয়তানে বাজি দিল না পেয়ে কোরাণ ।
ঝুটমুট পড়ি মরে আগম পুরাণ ।।
– চরণটি যে কবির কাব্যে পাওয়া যায় :

(A) আলাওল (B) দৌলতকাজী
(C) ভারতচন্দ্র (D) মুকুন্দ চক্রবর্তী

**5.** নীচের বক্তব্যগুলোর মধ্যে শুদ্ধ ও অশুদ্ধ দুইই আছে । প্রদত্ত সংকেত থেকে সঠিক তথ্য নির্দেশ করুন –

a. শ্রীকৃষ্ণের তিনটি প্রধান শক্তি হচ্ছে স্বরূপশক্তি, তটস্থাশক্তি, হ্লাদিনী শক্তি ।
b. একমাত্র ঐশ্বর্যজ্ঞানেই ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণকে লাভ করা যায় ।
c. জগৎ বিবর্ত নয়, জীবের দেহে আত্মবুদ্ধিই হচ্ছে বিবর্ত ।
d. জীব হচ্ছে কৃষ্ণের তটস্থা শক্তির অন্তর্গত ।

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (A) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (B) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (C) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (D) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |

**6.** ১ম তালিকায় প্রদত্ত মেঘনাদবধ কাব্যের সর্গের সঙ্গে ২য় তালিকার সর্গনামের সামঞ্জস্য বের করে সংকেতগুলোর মধ্যে কোনটি ঠিক নির্দেশ করুন :

| **১ম তালিকা** | **২য় তালিকা** |
|---|---|
| a. দ্বিতীয়সর্গ | i. সমাগম |
| b. তৃতীয়সর্গ | ii. প্রেতপুরী |
| c. অষ্টমসর্গ | iii. সংস্ক্রিয়া |
| d. নবম সর্গ | iv. অস্ত্রলাভ |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (A) | ii | iii | iv | i |
| (B) | iv | i | ii | iii |
| (C) | i | iv | ii | iii |
| (D) | iii | ii | i | iv |



Latest Sarkari Jobs, Govt Exam Results, Vacancies and updates on one click
Know More

7. ‘কৃষ্ণকুমারী’ নাটকের কাহিনির সূত্রপাত ঘটে :
(A) উদয়পুর রাজগৃহে
(B) উদয়পুর রাজ-উদ্যানে
(C) জয়পুর বিলাসবতীর গৃহে
(D) জয়পুর রাজগৃহে

8. ‘রাজসিংহ’ উপন্যাসে ৮ম খণ্ডের শিরোনাম -
(A) নন্দনে নরক
(B) অগ্নি-উৎপাদন
(C) অগ্নিজ্বালন
(D) আগুনে কে কে পুড়িল

9. ‘সংবাদ প্রভাকর’ পত্রিকাটি বারত্রয়িক রূপে প্রকাশিত হয় -
(A) ১৮৩২ খ্রিষ্টাব্দে (B) ১৯৩৯ খ্রিষ্টাব্দে
(C) ১৮৩১ খ্রিষ্টাব্দে (D) ১৮৩৬ খ্রিষ্টাব্দে

10. উত্তরচরিতের যে প্রথমাঙ্ক অবলম্বনে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর সীতার বনবাসের প্রথম অধ্যায় লিখেছিলেন তার শিরোনাম ছিল
(A) আলেখ্যবর্ণন (B) চিত্রবর্ণন
(C) চিত্রদর্শন (D) আলেখ্যদর্শন

11. ‘গোরা’ উপন্যাসে গোরা গঙ্গাস্নানের সংকল্প করেছিল :
(A) সূর্যগ্রহণ উপলক্ষে ত্রিবেণীতে
(B) পৌষ সংক্রান্তি উপলক্ষে বাবুঘাটে
(C) স্নানযাত্রা উপলক্ষে সাগরসঙ্গমে
(D) মকরসংক্রান্তিতে বাগবাজারের ঘাটে

12. ‘বলাকা’র যে কবিতাটি কবিকৃত ইংরেজি অনুবাদসহ (A Book of Homage to Shakespeare, 1916) গ্রন্থে প্রকাশিত হয়েছিল -
(A) ৩১ সংখ্যক কবিতা (নিত্য তোমার পায়ের কাছে )
(B) ৩৯ সংখ্যক কবিতা (যেদিন উদিলে তুমি)
(C) ২৯ সংখ্যক কবিতা (যেদিন তুমি আপনি ছিলে একা)
(D) ১০ সংখ্যক কবিতা (হে প্রিয়, আজি এ প্রাতে)

13. ‘বুদ্ধির ভীরুতাই হচ্ছে শক্তিহীনতার প্রধান আড্ডা’ – মন্তব্যটি যে প্রবন্ধের অন্তর্গত :
(A) বাতায়নিকের পত্র-২
(B) কর্তার ইচ্ছায় কর্ম
(C) শিক্ষার মিলন
(D) হিন্দুমুসলমান

14. ১ম ও ২য় তালিকায় প্রদত্ত তথ্যের মধ্যে সামঞ্জস্য বের করে ‘রাজা ও রাণী’ নাটকের ১ম অঙ্কের দৃশ্যগুলির সঠিক স্থান নির্দেশ করুন :

| **১ম তালিকা** | **২য় তালিকা** |
|---|---|
| a. রাজপথ | i. প্রথম দৃশ্য |
| b. জালন্ধর ! প্রাসাদের এক কক্ষ | ii. দ্বিতীয় দৃশ্য |
| c. অন্তঃপুরের কক্ষ | iii. তৃতীয় দৃশ্য |
| d. অন্তঃপুর ! প্রমোদকানন | iv. চতুর্থ দৃশ্য |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (A) | i | iii | ii | iv |
| (B) | ii | i | iv | iii |
| (C) | iv | ii | iii | i |
| (D) | iii | iv | i | ii |

15. ‘কঙ্কাবতী’ কাব্যের অন্তর্ভুক্ত কবিতাগুলি নিম্নে প্রদত্ত সংকেত থেকে নির্দেশ করুন :
i. কবিতা ii. সঞ্চয়
iii. অনুষঙ্গ iv. আরশি

**সংকেত :**
(A) i, ii, iii (B) iii, iv
(C) i, iv (D) ii, iii, iv

16. ‘অনেকের বিশ্বাস, আমার কবিতাগুলির আদর্শ খাঁটি বিলাতী ।’ – মন্তব্যটি করেছেন -
(A) ‘সাগর থেকে ফেরা’ কাব্যগ্রন্থের ভূমিকায় প্রেমেন্দ্র মিত্র
(B) ‘অর্কেষ্ট্রা’ কাব্যগ্রন্থের ভূমিকায় সুধীন্দ্রনাথ দত্ত
(C) বুদ্ধদেব বসু তাঁর কঙ্কাবতী কাব্যগ্রন্থের ভূমিকায়
(D) মোহিতলাল মজুমদার ‘স্মরগরল’ কাব্যের ২য় সংস্করণের ভূমিকায়



Latest Sarkari Jobs, Govt Exam Results, Vacancies and updates on one click
Know More

**17.** ‘অর্কেষ্ট্রা’ কবিতাটি সুধীন্দ্রনাথ দত্ত যাঁকে উদ্দেশ্য করে লিখেছেন :

(A) অপূর্বকুমার চন্দ
(B) সত্যেন্দ্রনাথ বসু
(C) বুদ্ধদেব বসু
(D) জীবনানন্দ দাশ

**18.** ‘খুকী ও কাঠ্‌ বেড়ালী’ কবিতাটি সঞ্চিতায় গৃহীত হয়েছে যে কাব্যগ্রন্থ থেকে :

(A) ছায়ানট (B) ঝিঙেফুল
(C) দোলনচাঁপা (D) ফণিমনসা

**19.** নীচের সংকেতগুলোর মধ্যে কোনটি শুদ্ধ তা নির্ণয় করতে হবে ১ নং তালিকায় প্রদত্ত কবিতানামের সঙ্গে ২য় তালিকায় প্রদত্ত চরণের সামঞ্জস্যের দিকে লক্ষ রেখে :

| **১ম তালিকা** | **২য় তালিকা** |
|---|---|
| a. আমি যদি হতাম | i. হে নীল কস্তুরী আভার চাঁদ |
| b. শিকার | ii. দূর সাগরের শব্দ - শতাব্দীর তীরে এসে ঝরে; |
| c. অন্ধকার | iii. নদীর জল মচকাফুলের মতো লাল |
| d. শ্যামলী | iv. সোনার ডিমের মতো / ফাল্গুনের চাঁদ |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (A) | i | iv | iii | ii |
| (B) | i | iii | ii | iv |
| (C) | iii | iv | ii | i |
| (D) | iv | i | iii | ii |

**20.** ‘রবিবার’ গল্পে অভয়াচরণের গৃহদেবতার নাম ছিল :

(A) লক্ষ্মীনারায়ণ (B) দুর্গা
(C) রক্ষাকালী (D) ভদ্রকালী

**21.** ‘পল্লীসমাজ’ উপন্যাসে রমেশ যেদিন জেলে যায় সেদিন তাদের স্কুলের জন্য জাফর আলি যত টাকা দান করেছিল;

(A) পাঁচশ (B) এক হাজার
(C) দেড় হাজার (D) দুই হাজার

**22.** ‘ডানা’ উপন্যাসের কয়েকটি চরিত্র এবং চরিত্র-বৈশিষ্ট্য পাশাপাশি দুই তালিকায় দেওয়া হয়েছে । এগুলোর মধ্যে সামঞ্জস্য বের করে সংকেত থেকে কোনটি ঠিক নির্দেশ করুন ।

| **১ম তালিকা** | **২য় তালিকা** |
|---|---|
| a. রত্নপ্রভা | i. তিনকুলে কেউ নেই তাঁর, ছেলে-পিলে হয়নি । |
| b. মন্দাকিনী | ii. অত্যন্ত কুৎসিত । কালো রঙ, বলিষ্ঠ গঠন । |
| c. বকুলবালা | iii. সর্বদা চকিত দৃষ্টি একাগ্র । |
| d. অমরেশ সেনগুপ্ত | iv. অতিশয় চাঁছা-ছোলা প্রকৃতির লোক । |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (A) | ii | i | iv | iii |
| (B) | ii | iv | i | iii |
| (C) | iii | ii | iv | i |
| (D) | iv | iii | ii | i |

**23.** ‘ইছামতী’ উপন্যাসে নীলকুঠির দুর্গাপূজায় বায়না পেয়েছিল -

(A) দাশুরায়ের পাঁচালির দল ।
(B) গোবিন্দ অধিকারীর যাত্রার দল ।
(C) বাঞ্ছারাম বৈরাগীর কীর্তনের দল ।
(D) শ্রীদাম-সুবলের যাত্রার দল ।

**24.** ‘জাগরী’ উপন্যাসের জিতেনদার পৈতার সময় জ্যাঠাইমার বিছানায় শুয়ে নীলু যে গল্পটি শুনেছিল :

(A) গরিব নাপিতের গল্প
(B) গরিব চাষার গল্প
(C) গরিব তাঁতির গল্প
(D) গরিব বামুনের গল্প

**25.** ‘রাখিয়া দেওয়া বইখানি তুলিয়া মাস্টার দেখিলেন ‘মেঘনাদ বধ কাব্য’ । চোখ তাঁহার দীপ্ত হইয়া উঠিল, বলিলেন, এ গ্রেট বুক ।’ – উদ্ধৃতাংশটি যে উপন্যাসে আছে -

(A) ডানা (B) ইছামতী
(C) ধাত্রীদেবতা (D) জাগরী



Latest Sarkari Jobs, Govt Exam Results, Vacancies and updates on one click
Know More

26. ‘সূর্য অস্ত গেছে, খণ্ড মেঘের গায়ে গায়ে শুধু রঙের প্রলেপ-যেন বুকের রক্ত ঢালিয়া গেল ’ – পংক্তিটি রয়েছে :

(A) নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ‘হাড়’ গল্পে

(B) বনফুলের ‘তিলোত্তমা’ গল্পে

(C) প্রেমেন্দ মিত্রের ‘পাশাপাশি’ গল্পে

(D) বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের ‘হৈমন্তী’ গল্পে

27. ‘কচি-সংসদ’-এর সভাপতি –

(A) ভুবনবাবু (B) পেলব রায়

(C) কেষ্ট (D) নকুড় চৌধুরী

28. ১ম তালিকায় প্রদত্ত গল্পকারদের সঙ্গে ২য় তালিকায় প্রদত্ত গল্পের সামঞ্জস্য বের করে সংকেত থেকে সঠিক উত্তরটি নির্দেশ করুন :

| ১ম তালিকা | ২য় তালিকা |
|---|---|
| a. প্রভাতকুমার মুখোপাধ্যায় | i. মোটবারো |
| b. বিভূতিভূষণ মুখোপাধ্যায় | ii. তিলোত্তমা |
| c. প্রেমেন্দ্র মিত্র | iii. মাতৃহীন |
| d. বনফুল | iv. বরযাত্রী |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (A) | i | iii | iv | ii |
| (B) | ii | iv | iii | i |
| (C) | iv | ii | i | iii |
| (D) | iii | iv | i | ii |

29. ‘কুয়াশায়’ গল্পে ছোট্টো রেলিং-ঘেরা জমিটি :

(A) চার কাঠা পরিমাণ

(B) পাঁচ কাঠা পরিমাণ

(C) কাঠা দুয়েক

(D) তিন কাঠা পরিমাণ

30. ‘আসল প্রেমের পরিণতিই হচ্ছে পূর্ণগ্রাস’ – ‘বনতুলসী’ গল্পে যিনি এই মন্তব্যটি করেছেন ।

(A) বিমলেন্দু (B) নন্দিনী

(C) সুধীর (D) রঞ্জন

31. ‘দেবীগর্জন’ নাটকের নিম্নোদ্ধৃত সংলাপগুলোর ১ম তালিকার সঙ্গে ২য় তালিকার সামঞ্জস্য বের করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি নির্দেশ করুন :

| ১ম তালিকা | ২য় তালিকা |
|---|---|
| a. হুঁ হুঁ, সে তো জানতম | i. বহুরূপীর দল তুমরা |
| b. আঁই দেখ, | ii. আমি লিব নাই |
| c. সোনার চাঁদ ছেইল্যা | iii. ধানকানা তুমি |
| d. আধারোজের পায়সা | iv. বাটখারা বানাইল দেখ, |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (A) | ii | i | iii | iv |
| (B) | iii | iv | i | ii |
| (C) | i | iii | iv | ii |
| (D) | iv | ii | iii | i |

32. ‘গলায় _____ ঝুলিয়ে বেরুলেই ব্রাহ্মণ ! বেড়ে হয়েছে বাবা ।’ – ‘নতুন ইহুদী’ নাটকের উল্লিখিত সংলাপের শূন্যস্থানে যে শব্দটি বসবে -

(A) পৈতা (B) সুতা

(C) সুতো (D) পৈতে

33. ‘কারাগার’ নাটকের পঞ্চম অঙ্কের সূচনা হয়েছে :

(A) কংসের প্রমোদ-উদ্যানে

(B) চন্দনার পুষ্পবাটিকায়

(C) নৃত্যশালায়

(D) কংসের কারাগারে

34. ‘রূপ-সায়রের দোদুলতালে আলোর কমল ফুটলো গো !’ এই গানটি যে নাটকে আছে :

(A) ‘দেবীগর্জন’ (B) ‘গৈরিকপতাকা’

(C) ‘কারাগার’ (D) ‘সীতা’

35. নীচে শুদ্ধ-অশুদ্ধ তথ্যসহ নাটকের নাম ও চারটি সংলাপ উদ্ধৃত হয়েছে । এবার সংকেত থেকে শুদ্ধ উত্তর নির্ণয় করুন ।

a. ‘দেবীগর্জন’ – ‘আমি রাজা আমারই নীতি’

b. ‘কারাগার’ – ‘কিন্তু শত্রু যখন সর্বস্ব ধ্বংস করে এগিয়ে আসছে’

c. ‘গৈরিকপতাকা’ – ‘কিন্তু সে আপনার মুহূর্তের দৌর্বল্য সম্রাট’

d. ‘সীতা’ – ‘এত দুঃখ তোমার অদৃষ্টে ছিল’

**সংকেত :**

(A) a এবং b শুদ্ধ (B) a এবং c শুদ্ধ

(C) a এবং d শুদ্ধ (D) b এবং d শুদ্ধ



Latest Sarkari Jobs, Govt Exam Results, Vacancies and updates on one click
Know More

**36.** প্রমথ চৌধুরীর ‘চিত্রাঙ্গদা’ প্রবন্ধের যে মতটি যথাযথ উদ্ধৃত হয়নি -

(A) আমাদের দেশের অলংকারশাস্ত্র দর্শনশাস্ত্রের একটি শাখা বিশেষ

(B) চিত্রাঙ্গদা কাব্যের অনুপ্রাস ও উপমা উভয়ই ও-কাব্যের অন্তরঙ্গ ।

(C) চিত্রাঙ্গদা একটি স্বপ্নমাত্র নয় ।

(D) চিত্রাঙ্গদা একটি সম্পূর্ণ রাগিনী ।

**37.** ‘নদীপথে’ গ্রন্থে মিঙ্গিন স্টিমারের সারেং-এর মাইনে ছিল :

(A) ১০০ টাকা (B) ১০৩ টাকা

(C) ১৮০ টাকা (D) ২৮০ টাকা

**38.** ‘আনৃণ্য’ শব্দটির অর্থ হচ্ছে :

(A) বন্ধনমুক্তি (B) জীবন্মুক্তি

(C) চিত্তমুক্তি (D) ঋণমুক্তি

**39.** নীরদচন্দ্র চৌধুরীর ‘বাঙালি জীবনে রমণী’ থেকে উদ্ধৃত বিবৃতিগুলো লক্ষ করুন এবং সংকেত থেকে শুদ্ধ উত্তরটি নির্বাচন করুন ।

a. বাংলাদেশে যাঁহারা পণ্ডিত বলিয়া খ্যাত আমার বই তাঁহাদের জন্য নয় ।

b. ১৯৭০ সনের মাঝামাঝি আবার বাংলাতে লিখিতে আরম্ভ করিয়াছি ।

c. নতুন করিয়া বাংলা লেখার মূলে বন্ধুবর গজেন্দ্রকুমার মিত্র ।

d. পঞ্চান্ন বৎসর বয়সে ইংরাজীতে প্রথম বই লিখিতে আরম্ভ করিয়াছিলাম ।

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (A) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (B) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (C) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (D) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |

**40.** ‘বাংলার ব্রত’ অবলম্বনে নিম্নে একটি মন্তব্য এবং তার সমর্থনে যুক্তি দেওয়া হয়েছে । প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি নির্দেশ করুন ।

**মন্তব্য** : পাড়াগাঁয়ে মেয়েরা অলক্ষ্মীবিদায় নিজেরা করে না ; পূজারিকে দিয়ে কাজটি সম্পন্ন করে ।

**যুক্তি** : কারণ, এই অলক্ষ্মীরূপ প্রাচীন শষ্যদেবতাকে মেয়েরা মন থেকে বিদায় দিতে পারেনি ।

**সংকেত :**

(A) মন্তব্য ও যুক্তি দুটিই শুদ্ধ

(B) মন্তব্য ও যুক্তি দুটিই অশুদ্ধ

(C) মন্তব্যটি শুদ্ধ; কিন্তু যুক্তি অশুদ্ধ

(D) মন্তব্যটি অশুদ্ধ; কিন্তু যুক্তি শুদ্ধ

**41.** ধ্বনিবাদে ‘রসধ্বনি’ (রসধ্বনেঃ) পরিভাষাটির স্রষ্টা হলেন :

(A) পণ্ডিতরাজ জগন্নাথ

(B) আনন্দবর্ধন

(C) অভিনবগুপ্ত

(D) বিশ্বনাথ কবিরাজ

**42.** প্রদত্ত প্রথম তালিকার সঙ্গে দ্বিতীয় তালিকার মিল বা সামঞ্জস্য বের করে নীচের সংকেতগুলোর মধ্যে কোনটি ঠিক নির্দেশ করুন ।

| **১ম তালিকা** | **২য় তালিকা** |
|---|---|
| a. বীররস থেকে অদ্ভুত রসের উৎপত্তি । | i. কুন্তক |
| b. লৌকিকজগতে যা রতি আদি ভাবের উদ্বোধক কাব্যে বা নাট্যে তাই বিভাব । | ii. আভিনবগুপ্ত |
| c. চর্বণা হচ্ছে চিদ্‌গত আবরণভঙ্গ | iii. ভরতাচার্য |
| d. অভিপ্রেত অর্থের একমাত্র বাচক যা তাই শব্দ | iv. বিশ্বনাথ কবিরাজ |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (A) | iii | iv | ii | i |
| (B) | ii | i | iii | iv |
| (C) | i | ii | iv | iii |
| (D) | iv | iii | i | ii |



Latest Sarkari Jobs, Govt Exam Results, Vacancies and updates on one click
Know More

**43.** অ্যারিস্টটলের মতে ট্র্যাজেডির নায়কের ভাগ্য বিপর্যয়ের মূল কারণ 'হামারতিয়া' – যার অর্থ

(A) নৈতিক ত্রুটি

(B) আচরণ ও সিদ্ধান্তের ত্রুটি

(C) দুরভিসন্ধি বা দুষ্টবুদ্ধি

(D) পাপের অনুভব

**44.** মোহিতলাল মজুমদার বনফুলের যে উপন্যাসকে 'জন্তুশালা' বলে অভিহিত করেন -

(A) বনজঙ্গল (B) ডানা

(C) জঙ্গম (D) মৃগয়া

**45.** বাংলা ছন্দে সুকুমার রায়ের কৃতিত্ব প্রসঙ্গে বলা হয়েছে : "বাংলা ছন্দের উপর এমন একছত্র আধিপত্য ছন্দোরাজ সত্যেন দত্তের পর এ-পর্যন্ত আর কেউ করেছেন বলে মনে হয় না।" মন্তব্যটি করেছেন -

(A) বুদ্ধদেব বসু

(B) মোহিতলাল মজুমদার

(C) রবীন্দ্রনাথ

(D) শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়

**46.** প্রথম পুরুষ একবচনে 'কৃ'ধাতুর রূপ নীচের উভয় তালিকার সামঞ্জস্যের দিকে লক্ষ রেখে সংকেত থেকে কোনটি শুদ্ধ নির্দেশ করুন :

| **১ম তালিকা** | **২য় তালিকা** |
|---|---|
| a. কলেদি | i. মাহারাষ্ট্রী প্রাকৃত |
| b. কুব্বই | ii. মাগধী প্রাকৃত |
| c. কুণই | iii. শৌরসেনী প্রাকৃত |
| d. করোদি | iv. অর্ধমাগধী প্রাকৃত |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (A) | iii | iv | i | ii |
| (B) | ii | iv | i | iii |
| (C) | iv | i | iii | ii |
| (D) | i | iv | ii | iii |

**47.** বাংলায় 'ষ' ধ্বনির অবিকৃত উচ্চারণ আছে :

(A) শব্দের আদিতে

(B) শব্দের মধ্যে

(C) শব্দের অন্তে

(D) কোথাও নেই

**48.** নীচে শুদ্ধ ও অশুদ্ধ তথ্য দেওয়া আছে । সংকেত থেকে শুদ্ধ উত্তরটি নির্দেশ করুন

a. সংস্কৃত সর্বনামের উত্তম ও মধ্যম পুরুষে লিঙ্গভেদ ছিল ।

b. সংস্কৃতে সর্বনামঘটিত বিশেষণে লিঙ্গভেদ বর্তমান ।

c. বাংলায় মুখ্যকর্ম জড়বস্তু হলে বিভক্তিহীন হয় ।

d. বাংলায় ক্রিয়া-অনুসর্গগুলো প্রায় সবই তদ্ভব সমাপিকা ।

**সংকেত :**

(A) a ও b শুদ্ধ

(B) a ও d শুদ্ধ

(C) c ও d শুদ্ধ

(D) b ও c শুদ্ধ

**49.** ১ম তালিকার সঙ্গে ২য় তালিকার সামঞ্জস্য বের করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি নির্দেশ করুন :

| **১ম তালিকা** | **২য় তালিকা** |
|---|---|
| a. বিষফোঁড়া | i. জোড়কলম |
| b. 'পুত্র' অর্থে 'বেটা' | ii. বিষমচ্ছেদ |
| c. সধবা | iii. লোকনিরুক্তি |
| d. নিশ্চুপ | iv. দুর্ভাষণ |

**সংকেত :**

| | a | b | c | d |
|---|---|---|---|---|
| (A) | ii | i | iv | iii |
| (B) | iii | iv | ii | i |
| (C) | iv | ii | iii | i |
| (D) | i | iii | ii | iv |

**50.** সংবৃত স্বরধ্বনি হল -

(A) এ, ও

(B) ঐ, ঔ

(C) ই, উ

(D) অ, আ



Latest Sarkari Jobs, Govt Exam Results, Vacancies and updates on one click
Know More

prepp

# Latest Sarkari jobs, Govt Exam alerts, Results and Vacancies

- Latest News and Notification
- Exam Paper Analysis
- Topic-wise weightage
- Previous Year Papers with Answer Key
- Preparation Strategy & Subject-wise Books

To know more **Click Here**

www.prepp.in